প্রফেসর ড. ওমর হাসান কাসুলী

# মেডিকেল এথিক্স




ভাষান্তর

ড. শারমিন ইসলাম

ড. আবু খলদুন আল-মাহমুদ

সম্পাদনা

ডাঃ শাহ মোহাম্মদ ফাহিম

Academia Publishing House Ltd.

Academia Publishing House Ltd.

মেডিকেল এথিক্স
প্রফেসর ড. ওমর হাসান কাসুলী
গ্রন্থস্বত্ব © এপিএল ২০২১
ISBN: 978-984-35-0382-4

একাডেমিয়া পাবলিশিং হাউজ লিমিটেড (এপিএল), কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স
২৫৩/২৫৪, এলিফ্যান্ট রোড, কাঁটাবন, ঢাকা- ১২০৫, বাংলাদেশ কর্তৃক প্রকাশিত

প্রকাশকাল: চৈত্র ১৪২৭, শাবান ১৪৪২, এপ্রিল ২০২১

মূল্য: টাকা ৫০.০০

Published by Academia Publisheing House Ltd. (APL)
253/254, Concord Emporium Shopping Complex
Elephant Road, Kataban, Dhaka-1205, Bangladesh

Contacts
Cell: +88 02 01832 96 9 280, +88 02 01766 073 321
E-mail: aplbooks2017@gmail.com

# প্রকাশকের কথা

সর্বোচ্চ চিকিৎসা সেবা নিশ্চিত করার ক্ষেত্রে মেডিকেল এথিক্স অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে বাংলাদেশে মেডিকেল এথিক্স তুলনামূলকভাবে একটি অনালোচিত বিষয়। এ বিষয়ে আমাদের জ্ঞান ও চিন্তার সীমাবদ্ধতা অনেক। চিকিৎসা পেশাজীবীদের অনেকের এ বিষয়ে ধারণা অপ্রতুল। ফলে বিদ্যমান চিকিৎসা ব্যবস্থা আপামর জনসাধারণের আস্থা অর্জন করতে পারছে না, ফলশ্রুতিতে দেশের মানুষ ক্রমান্বয়ে বিদেশ নির্ভর হচ্ছে। এ অবস্থা থেকে উত্তরণের লক্ষ্যে আমাদের অবশ্যই চিকিৎসা বিদ্যা অর্জন এবং চর্চার সব স্তরে নৈতিকতা ও মানবিক মূল্যবোধ নিশ্চিত করতে হবে। পাশ্চাত্যের প্রায় সকল মেডিকেল বিশ্ববিদ্যালয়ে শুধু উন্নত মেডিকেল এথিক্স বিভাগই নয়, পূর্ণাঙ্গ 'মেডিকেল হিউম্যানিটিস' বিভাগ রয়েছে। এ বিষয়ে আমাদের কারিকুলাম প্রণেতাদেরও সচেষ্ট হতে হবে।

স্বনামধন্য আধুনিক চিকিৎসা বিজ্ঞানী ও ইসলামি চিন্তাবিদ অধ্যাপক ড. ওমর হাসান কাসুলী চিকিৎসা পেশায় ইসলামি নীতিবিদ্যার (Ethics) বাস্তব রূপায়নে একজন প্রাণপুরুষ। যুক্তরাষ্ট্রভিত্তিক ন্যাশনাল ইনস্টিটিউট অব হেলথ এর একাধিক গবেষণা প্রকল্পের তিনি প্রধান তত্ত্বাবধায়ক ছিলেন। সৌদী আরব সরকারের হেলথ মিনিষ্ট্রির এথিক্স কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেছেন তিনি। এছাড়া মেডিকেল এথিক্স বিষয়ে তাঁর expertise ও commitment-এর কারণে তিনি এ বিষয়ে অনেক গ্রন্থও প্রণয়ন করেন। বিশ্বের অনেক দেশ সফরে তিনি চিকিৎসকদের বৈজ্ঞানিক উৎকর্ষ অর্জনের পাশাপাশি পেশাদারিত্ব ও নৈতিক মান অর্জনে উৎসাহিত করেছেন। তাঁর প্রকাশিত *'Occasional Paper Series on Medical Ethics'*-এর বাংলা অনুবাদ গ্রন্থ হচ্ছে এই- 'মেডিকেল এথিক্স'।

গ্রন্থটি অত্যন্ত প্রাঞ্জল ভাষায় অনুবাদ করেছেন অধ্যাপক ড. আবু খলদুন আল-মাহমুদ এবং সহযোগী অধ্যাপক ড. শারমিন ইসলাম। ব্যাপক পাঠকপ্রিয়তার কারণে এটি একাধিকবার পুনঃমুদ্রিত হয়। বর্তমান সংস্করণটি সম্পাদনা করেছেন তরুণ গবেষক ডাঃ শাহ মোহাম্মদ ফাহিম।

আশা করি পেশাগত জীবনে মেডিকেল এথিক্স-এর প্রয়োগ এবং ভবিষ্যৎ প্রজন্মের চিকিৎসা পেশাজীবিদের জন্য গ্রন্থটি দিকনির্দেশনার কাজ করবে।

ড. এম আবদুল আজিজ<br>
ব্যবস্থাপনা পরিচালক<br>
একাডেমিয়া পাবলিশিং হাউজ লিমিটেড (এপিএল)

# অনুবাদকের কথা

সমকালীন বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ মেডিকেল দার্শনিক অধ্যাপক ড. ওমর হাসান কাসুলীর *'Occasional Paper Series on Medical Ethics'*-এর অনুবাদ বাংলা ভাষা-ভাষী পাঠকদের হাতে তুলে দিতে পেরে আল্লাহর শুকরিয়া আদায় করছি।

অধ্যাপক ওমর হাসান কাসুলী সেই ইসলামি স্কলারদের অন্যতম যাঁরা ১৯৭০ এর দশকে প্রফেসর ইসমাইল রাজী আল-ফারুকীর সাথে শিক্ষাব্যবস্থার ইসলামায়নের কাজ শুরু করেন। উগান্ডায় জন্মগ্রহণকারী এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয় থেকে এম পি এইচ এবং পি.এইচ.ডি ডিগ্রিধারী এ বিজ্ঞানী বহুবছর যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও ইনস্টিটিউটে গুরুত্বপূর্ণ পদে কাজ করেছেন। এপিডেমিওলজী অব এপস্টিন-বার ভাইরাস, বুরকিটস লিমফোমা, সিকল সেল এনিমিয়া ইত্যাদি বিষয়ে তাঁর মৌলিক গবেষণা রয়েছে।

১৯৮৫ সালে প্রফেসর ইসমাইল রাজী আল-ফারুকী'র চিন্তার বাস্তব প্রতিফলন ঘটিয়ে প্রফেসর আবদুলহামিদ আহমদ আবুসুলাইমান যখন মালয়েশিয়ায় ইসলামি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেন, তখন ওমর কাসুলী তাতে সহযোগিতা প্রদান করেন। এরই ধারাবাহিকতায় ১৯৯৫ সালে তাঁরই নেতৃত্বে ইসলামি বিশ্ববিদ্যালয়ে মেডিকেল ফ্যাকাল্টি খোলা হয়।

মেডিকেল এথিক্স বাংলাদেশে তুলনামূলকভাবে অনালোচিত বা উপেক্ষিত একটি বিষয়। এ বিষয়ে আমাদের জ্ঞান ও চিন্তার সীমাবদ্ধতা অনেক। চিকিৎসা পেশাজীবিদের অনেকের এ বিষয়ে ধারণাই নেই। অনেকে আবার মনে করেন, এ বিষয়ের জ্ঞান না থাকলেও ভালো চিকিৎসক হতে কোনো বাধা নেই। কারণ ভালো চিকিৎসক হওয়াটা শুধুমাত্র টেকনিক্যাল জ্ঞান অর্জনের উপর নির্ভরশীল। অথচ বাস্তবতা হল এই যে, নৈতিক ও মানবিক মূল্যবোধবর্জিত এবং শুধুমাত্র টেকনিক্যাল জ্ঞানে সমৃদ্ধ ব্যক্তির সাথে রোবটের কোন পার্থক্য নেই। এ ধরনের পেশাজীবিদের রোবটের মতো আচরণের কারণে আমাদের দেশের উদীয়মান সম্ভাবনাময় স্বাস্থ্যসেবা ব্যবসা (Healthcare Business)-এর মার্কেট সিঙ্গাপুর-ব্যাংককমুখী হচ্ছে। এর পিছনে দেশের মানুষের বিদেশমুখী আচরণের চাইতেও চিকিৎসা পেশাজীবিদের আচার ব্যবহার একটি গুরুত্বপূর্ণ অনুঘটক। এ দুষ্ট চক্র ভাংতে হলে আমাদের অবশ্যই চিকিৎসাশিক্ষা এবং চর্চার সব স্তরে নৈতিক ও মানবিক মূল্যবোধ ঢুকাতে হবে।

একটি কল্যাণমুখী জীবন-বান্ধব ধর্ম হিসেবে ইসলামে চিকিৎসা পেশাজীবীদের জন্য অসংখ্য নির্দেশনা রয়েছে। বলা যায়, গ্রীক-চৈনিক-ভারতীয় মেডিসিন মুসলিম বিজ্ঞানীদের হাতে এসে তাতে ইসলামের দয়ালু ছোঁয়া আর সেই যুগের ত্যাগী মুসলিমদের অঙ্গীকার ও আত্মোৎসর্গে আধুনিক হয়েছে। সাম্রাজ্যবাদের আগ্রাসনে মুসলিম বিশ্বের শিক্ষা ব্যবস্থা ধ্বংস হয়ে আজ আমরা জ্ঞান ও প্রযুক্তির জন্য পাশ্চাত্য নির্ভর হয়ে পড়েছি। তাদের দেয়া জ্ঞানে সমৃদ্ধ হয়ে আমাদের ভবিষ্যত পেশাজীবিরা 'প্রযুক্তিগত ব্যক্তি'তে (Technical Person) পরিণত হচ্ছেন কোন রকম মানবিকতার বিকাশ ছাড়াই।

ওমর কাসুলীর এ গ্রন্থটি ইসলামের সেবা দর্শন এর আলোকে মেডিকেল এথিক্সের একটি সংক্ষিপ্ত অথচ প্রায় পূর্ণাঙ্গ আলোচনা। এর বহুল পঠন আমাদের মেডিকেল বিজ্ঞানে ইসলামি নীতিবিদ্যা আত্মস্থ করতে সাহায্য করবে। আমাদের করণীয় এবং বর্জনীয় সম্পর্কে ধারণা দেবে। এর চর্চা আমাদের সেবার মানকে উন্নত করবে- যা আমাদের স্বাস্থ্য সেবা ব্যবসাকে আরো বিশ্বাসযোগ্যতা ও স্থায়ীত্ব দেবে। আল্লাহ আমাদের চেষ্টাকে কবুল করুন।

ড. শারমিন ইসলাম
প্রফেসর ড. আবু খলদুন আল-মাহমুদ

ঢাকা
জানুয়ারি, ২০২১

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| পাঠ: এক | মেডিকেল এথিক্স: মূলনীতি ও তত্ত্ব (Medical Ethics: Theories and Principles) | ৯ |
| পাঠ: দুই | একান্ততা ও গোপনীয়তা (Privacy and Confidentiality) | ১৫ |
| পাঠ: তিন | প্রাপ্তবয়স্কদের সম্মতি এবং চিকিৎসা প্রত্যাখ্যান প্রসঙ্গে (‘Consent and Refusal of Treatment for competent Adults’) | ১৬ |
| পাঠ: চার | অপ্রাপ্তবয়স্ক ও অক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য সম্মতি এবং চিকিৎসা প্রত্যাখ্যান প্রসঙ্গে (Consent and Refusal of Treatment for Incompetent Adults and Children) | ১৯ |
| পাঠ: পাঁচ | আরোগ্যের আশাহীন ব্যক্তিদের জন্য ‘জীবন রক্ষার কৃত্রিম উপায়’ প্রসঙ্গে (Artificial Life Support in Terminal Illness) | ২১ |
| পাঠ: ছয় | গর্ভস্থ শিশুর ওপর পরীক্ষা-নিরীক্ষা এবং চিকিৎসা ও জন্মের পূর্বে পরীক্ষা (Ante-natal Screening and Treatment) | ২৪ |
| পাঠ: সাত | অনাকাঙ্খিত গর্ভধারণ (Unwanted Pregnancy) | ২৭ |
| পাঠ: আট | গর্ভপাত (Abortion) | ৩৮ |
| পাঠ: নয় | অঙ্গপ্রত্যঙ্গ দান প্রসঙ্গ (Organ Donation) | ৪২ |
| পাঠ: দশ | মাদকাসক্তি ও ওষুধের নেশা (Drug Addiction) | ৪৫ |
| পাঠ: এগারো | আত্মহত্যা (Suicide) | ৪৮ |

| | | |
|---|---|---|
| পাঠ: বারো | রোগী ও তার আত্মীয় স্বজনের সাথে আদর্শ চিকিৎসকের আচরণবিধি (Good Doctor Etiquette with Patients and their Families) | ৫৩ |
| পাঠ: তেরো | স্বাস্থ্য সেবা দলের অন্য সদস্যদের সাথে আদর্শ চিকিৎসকের আচরণ বিধি (Good Doctor Etiquette (*adab al tabiib*) in the Health Care Team) | ৫৭ |
| পাঠ: চৌদ্দ | চিকিৎসকের অসদাচরণ (Doctor Misconduct) | ৬০ |
| পাঠ: পনেরো | চিকিৎসা পেশায় কর্তব্যে অবহেলা ও অসৎচর্চা (Medical Malpractice/Negligence) | ৬০ |
| পাঠ: ষোল | কর্তব্যে অবহেলার অপরাধে আইনি প্রক্রিয়া (Legal Tests for Negligence) | ৬৬ |
| পাঠ: সতেরো | স্বাস্থ্য-সেবা কর্মীদের এথিকো-লিগাল বিষয়ে প্রশিক্ষণ নির্দেশিকা (Ethico-legal Training for Healthcare Workers) | ৬৮ |
| **পরিশিষ্ট** | | ৭৩ |
| **সূত্র নির্দেশিকা** | | ৮১ |